## নেত্রকোণা সদর উপজেলা পরিষদের এপ্রিল-২০২৩ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আতাউর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
সভার তারিখ : ২৬.০৪.২০২৩
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভা নং : ৪৭

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা যথাক্রমে পরিশিষ্ট ক ও খ দ্রষ্টব্য ঃ

উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আতাউর রহমান, উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার জনাব মাহমুদা আক্তার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিগত ২৮.০৩.২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন প্রকার সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরণী সর্বসম্মতক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্র নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, এডিপির কার্যক্রম চলমান আছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ২. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক বিদ্যালয় খোলা হয়েছে। উপবৃত্তির কার্যক্রম চলমান আছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর, |
| ৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে বোরো ধানের অবস্থা ভালো। উপ-সহকারী কৃষি অফিসারগণ বিভিন্ন ফসলের পোকা মাকড় ও রোগবালাই দমনের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করে যাচ্ছেন। ইউরিয়া ও নন ইউরিয়া সার-৫৯৫ মে, টন, টিএসপি সার-১৪১ মে, টন, এম ও পি-৩৪২ মে. টন, ডিএপি সার-৭৮৯ মে, টন মজুদ আছে। সারের কোন সংকট নেই। ৮০% ধান পাকলে কৃষকদেরকে ধান কাটার নির্দেশনা দেয়া হয়েছে। কাল বৈশাখী ঝড় হওয়ার সম্ভবনা আছে। সকলকে সর্তক থাকার জন্য তিনি অনুরোধ করেন। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা। |
| ৪. | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদি পশুর টিকা-৪৬৬০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা-৫০০০০ মাত্রা, গবাদি পশুর চিকিৎসা-২৪৫১ টি, হাসঁমুরগীর চিকিৎসা-২৩৫০৬, কৃত্রিম প্রজনন চিকিৎসা-৯৯৬টি। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার ও সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৫. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, বজ্রপাতের কোন ঘটনা ঘটলে দ্রুত জানানোর জন্য অনুরোধ করেন। তিনি আরও জানান যে, কাছাসহ তালগাছের চারা রোপনের প্রকল্প নেয়া হয়েছে। বর্ষাকাল আসার আগেই প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |
| ৬. | মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা জানান যে, মৎস্য ঋণ আদায় না হওয়ায় সার্টিফিকেট মামলা দায়ের করা হয়েছে। খালে বিলে যেখানে অবৈধ বাধঁ থাকলে তথ্য দিয়ে সহায়তা করার জন্য তিনি সভায় অনুরোধ করেন। খালে ও নদীতে সড়ক ও জনপথের বাধঁ অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার ও সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নেত্রকোণা সদর নেত্রকোণা |
| ৭. | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের বিভাগীয় কাজের অগ্রগতি প্রতিবেদন ঃ<br>মোট সক্ষম দম্পতি: ৩৮০; জনসংখ্যা: ৯০০; স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর পুরুষ সংখ্যা: ৬০; স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা মহিলা: ১৮০; ইমপ্ল্যান্ট মোট সংখ্যা: ৪০৫০ | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার ও সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর |

Nested table in row ৭:

| মোট সক্ষম দম্পতি | জনসংখ্যা | স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর পুরুষ সংখ্যা | স্থায়ী পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা মহিলা | ইমপ্ল্যান্ট মোট সংখ্যা |
|---|---|---|---|---|
| ৩৮০ | ৯০০ | ৬০ | ১৮০ | ৪০৫০ |

CamScanner

<table>
<tr><td></td><td></td><td>
<table>
<tr><td>আই ইউ ডি-</td><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>মোট গর্ভবতী</td><td>মোট সেবা গ্রহীতা</td></tr>
<tr><td>৬২০</td><td>৩৫৭৮০</td><td>৪৭৬৬</td><td>২৮৭৫</td><td>৬২০</td></tr>
</table>
প্রতিটি স্যাটেলাই ক্লিনিকে নরমাল ডেলিভারী তথ্য দেয়ার সিদ্ধান্ত হয়। প্রতিটি ক্লিনিকে জাতীয় পতাকা যথাযথভানে টানানোর সিদ্ধান্ত হয়। অন্যান্য বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>৮.</td><td>সমাজ সেবা বিভাগ</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ভাতাভোগীদের প্যারোল দেয়ার কার্যক্রম চলমান আছে। তিনি মৃত ব্যক্তির কার্ড প্রতিস্থপানের জন্য অনুরোধ করেন। প্রতিবন্ধি যাচাই বাছাই কার্যক্রম চলমান আছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী ও উপজেলা সমাজ সেবা অফিসার সদর নেত্রকোণা</td></tr>
<tr><td>৯.</td><td>মহিলা বিষয়ক বিভাগ</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মা ও শিশু সহায়তা ভাতা কার্যক্রম চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১০</td><td>জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে মিনি পাইব লাইনের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রমসহ সভায় উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১১</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, মার্চ/২০২৩মাসের কার্যক্রম নিম্নরুপ
<table>
<tr><th>কার্যক্রম</th><th>২০২২-২০২৩অর্থবছরে অগ্রগতি</th><th>ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><td>সমিতি/দলগঠন</td><td>১০ টি</td><td>২৮৩টি</td></tr>
<tr><td>উপকারভোগী/সদস্য ভর্তি</td><td>২০৭ জন</td><td>৬৫৮১জন</td></tr>
<tr><td>পুঁজি গঠণ ( শেয়ার ও সঞ্চয় আদায়)</td><td>০.৮৯লক্ষ</td><td>৮৮.৮২ লক্ষ</td></tr>
<tr><td>প্রশিক্ষণপ্রদান</td><td>৬০জন</td><td>২৯৫০ জন</td></tr>
<tr><td>ঋণবিতরণ</td><td>২১.২২ লক্ষ</td><td>১৯১৭.৩৩ লক্ষ</td></tr>
<tr><td>ঋণআদায়</td><td>৮১.২১ লক্ষ</td><td>১৫৪৫.৯৩ লক্ষ</td></tr>
<tr><td>ক্ষুদ্রস্কীমবাস্তবায়ন</td><td>১টি</td><td>৪২ টি</td></tr>
</table>
বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>পল্লী উন্নয়ন কর্মকর্তা, নেত্রকোণা সদর,</td></tr>
<tr><td>১২</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ১৩৫ টি সমবায় সমিতির মধ্যে ১৩৫ টি সমবায় সমিতির অডিট সম্পাদন হয়েছে। ২০২১-২০২২ সনে ২৮৬৪০/-টাকা ভ্যাটসহ অডিট ফি ধার্য করা হয়েছে। আদায় করা হয়েছে ১৭৪২০/-। আদায়ের হার ৯৩%। ২০২১-২০২২ সনে সমবায় তহবিল ধার্য্য করা হয় ১৬৪০০.৪০/-টাকা তন্মধ্যে আদায় হয়েছে ১৬৪০০.৪০ টাকা। আদায়ের হার ১০০%। হাতকুন্ডলী আশ্রয়ন প্রকল্পে আদায় যোগ্য ২৩,৩৮,০০০/- টাকা। এ মাসে আদায় ৩৩০০/-টাকা। মোট আদায় ১৫,২৫,৫১১/-টাকা। আদায়ের হার ৬৬%। মালনী আশ্রয়র প্রকল্পে আদায় যোগ্য ১৪,০৬,৫০০/-টাকা। এ মাসে আদায় ৩৯৫০/-টাকা। মোট আদায় ১২,৪২,১২৮/-টাকা। আদায়ের হার ৯০%। ২০২২-২০২৩ অর্থ বছরে এ উপজেলায় হতে কুমিল্লাহ ও ময়মনসিংহ প্রশিক্ষণ কেন্দ্রে ১২ জন প্রশিক্ষনার্থী প্রেরণ করা হয়েছে। ২০২২-২০২৩ সনে ০২ টি ভ্রাম্যমান প্রশিক্ষণ অনষ্টিত হয়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমবায় অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার, নেত্রকোণা সদর</td></tr>
</table>

CS CamScanner

<table>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা যুব উন্নয়ন</td>
<td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান মার্চ/২০২৩ মাসে যুব কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিম্মরুপ ঃ
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>কার্যক্রম</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>বরাদ্দকৃত মূলধন</td><td>-</td><td></td></tr>
<tr><td>২</td><td>মোট বিতরণকৃত ঋণের পরিমাণ</td><td>২৩১৮৮০০০/-</td><td></td></tr>
<tr><td>৩</td><td>চলতি অর্থ বছরে বিতরণ</td><td>২৮৬৯৭০০০/-</td><td></td></tr>
<tr><td>৪</td><td>বিবেচ্য মাসে বিতরণ</td><td>৫৬০০০০/-</td><td></td></tr>
<tr><td>৫</td><td>আদায়যোগ্য ক্রমপুঞ্জিত</td><td>২২৬১০৩৪৫/-</td><td></td></tr>
<tr><td>৬</td><td>আদায়কৃত ক্রমপুঞ্জিত</td><td>২১৮১৪৫৬৬/-</td><td></td></tr>
<tr><td>৭</td><td>আদায়ের হার</td><td>৯৭%</td><td></td></tr>
<tr><td>৮</td><td>আদায়যোগ্য চলমান</td><td>১৯০০০০/-</td><td></td></tr>
<tr><td>৯</td><td>আদায়কৃত চলমান</td><td>১৬৮০০০/-</td><td></td></tr>
<tr><td>১০</td><td>আদায়ের হার</td><td>৮৮%</td><td></td></tr>
<tr><td>১১</td><td>মেয়াদউত্তীর্ন খেলাপী পরিমান</td><td>৮৩৩৭৭৯/-</td><td></td></tr>
<tr><td>১২</td><td>ঋন খেলাপী আদায়</td><td>৬২২৪৫/-</td><td></td></tr>
<tr><td>১৩</td><td>কিস্তি খেলাপীর পরিমান</td><td>৪০৯৩/-</td><td></td></tr>
<tr><td>১৪</td><td>কিস্তি খেলাপী আদায়</td><td>-</td><td></td></tr>
<tr><td>১৫</td><td>মোট উপকার ভোগীর সংখ্যা</td><td>৫৫৪ জন</td><td></td></tr>
<tr><td>১৬</td><td>মোট ঋন সংখ্যা</td><td>৭১৩ জন</td><td></td></tr>
<tr><td>১৭</td><td>চলমান ঋন সংখ্যা</td><td>২৫২ জন</td><td></td></tr>
<tr><td>১৮</td><td>চলতি বছরে প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৯০ জন</td><td></td></tr>
<tr><td>১৯</td><td>ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা</td><td>৫৬৭৫ জন</td><td></td></tr>
<tr><td>২০</td><td>চলতি অর্থ বছরে আর্থকর্মীর সংখ্যা</td><td>৫১ জন</td><td></td></tr>
<tr><td>২১</td><td>ক্রমপঞ্জিত আত্বকর্মীর সংখ্যা</td><td>৩৯৯৭ জন</td><td></td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ৩০ এপ্রিল-২০২৩ হতে এসএসসি পরীক্ষা শুরু হবে। তিনি পরীক্ষা চলাকালে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন কাজ চলমান আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ যথারীতি চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৬</td>
<td>পরিসংখ্যান বিভাগ</td>
<td>উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে মেধাবী শিক্ষাথীদের মধ্যে ৪৩ টি বিদ্যালয়ে ২৮২ টি ট্যাব বিতরণ করা হয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা পরিসংখ্যান অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৭</td>
<td>উপজেলা পল্লী দারিদ্র ফাউন্ডেশন</td>
<td>উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন সভায় জানান যে, ক্ষুদ্র ঋণ বিতরন ২২৪.১৭ লক্ষ টাকা আদায় ২৩৪.৯৮ লক্ষ টাকা। আদায়ের হার ৯৮%। নারী ঋণ বিতরণ ১৫২.২০ লক্ষ টাকা আদায়১৬০.২১ লক্ষ টাকা। আদায়ের হার ১০০%। ক্ষুদ্র উদ্যোক্তা বিতরণ ১৮৩.৭০ লক্ষ টাকা আদায় ২০১.৯৯ আদায়ের হার ১০০%। প্রণোদনা ঋণ আদায় ৩৯.৯৭ লক্ষ টাকা, আদায়ের হার ১০০%। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উর্ধতন উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৮</td>
<td>বন বিভাগ</td>
<td>উপজেলা বন সংরক্ষণ কর্মকতা সভায় অনুপস্থিত। সভায় অনুপস্থিতির জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত হয়।</td>
<td>আগামী সভায় বিভাগীয় কার্যক্রমসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা বন সংরক্ষন অফিসার, নেত্রকোণা সদর</td>
</tr>
<tr>
<td>১৯</td>
<td>পল্লী সঞ্চয় ব্যাংক</td>
<td>শাখা ব্যবস্থাপক,পল্লী সঞ্চয় ব্যাংক, নেত্রকোণা সদর সভায় জানান যে, মার্চ ২০২৩ মোট সমিতির সংখ্যা-৩৭০ টি, চলতি মাসে মোট সদস্য সংখ্যা-১৬০১৬ জন, চলতি সঞ্চয় জমা ১.৯৪ লক্ষ টাকা, মোট সঞ্চয় ৭৪০.৭৩ লক্ষ টাকা, সরকার প্রদত্ত বোনাস ৫২০.১২ লক্ষ টাকা, বিতরণকৃত ঋণের সংখ্যা ২২০৮৮ জন, মাসে ঋণ বিতরণ ৪৫.৯১ লক্ষ টাকা, চলতি মাসে ঋণের কিস্তি আদায় ৫৮.৩৯ লক্ষ টাকা, মোট আদায়-৩৩৬৮.৮১ লক্ষ টাকা। পল্লী সঞ্চয় ব্যাংকের শেয়ার বিক্রয় ৩.৭৬ লক্ষ টাকা, সম্পদ সহায়তা আদায় ১.০১ লক্ষ টাকা। মোট তহবিল ৫৫৯৩.২৪ লক্ষ টাকা। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td>
<td>বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয়ী ব্যাংক, নেত্রকোণা সদর</td>
</tr>
</table>

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | স্বাস্থ্য বিভাগ | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান। মার্চ-২০২৩ মাসের কার্যক্রম নিম্নরূপঃ | বিভাগীয় কার্যক্রম কার্যকর ও গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নেত্রকোণা সদর, নেত্রকোণা। |

| বাস্তবায়ন/অর্জন | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিসিজি | পেন্টাভ্যালেন্ট | | | পিসিভ | | | ওপিভি | | | | |
| ৬৪০ | ১ম | ২য় | ৩য় | ১ম | ২য় | ৩য় | ১ম | ২য় | ৩য় | ভি-এ | |
| | ৬২৭ | ৬১৯ | ৫৮৯ | ৬২৭ | ৬১৯ | ৫৮৯ | ৬২৭ | ৬১৯ | ৫৮৯ | | |
| | এফআইপিভি | | | | ১ম | ২য় | ১ম | ২য় | | | |
| | টিটি টিকা | | | | ৬২৭ | ৫৮৯ | ৫৮২ | ৫৮৫ | | | |
| | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | ১ম | ২য় | ৩য় | ৪র্থ | ৫ম | |
| | ৫২ | ৫৪ | ৩৯ | ৫৮ | ৫৯ | ৩১১ | ৩৪৫ | ৪৪২ | ৪৬১ | ৪৫৪ | ৪৬৮ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন অবহিতকরণ | উপজেলা প্রকৌশলী জানান যে, সরকারি বিধি মোতাবেক বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ সভায় অনুরোধ জানান। | সরকারী বিধি মোতাবেক কমিটিগুলো অনুমোদিত ও গৃহীত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২ | আয় ও ব্যয়ের হিসাব বিবরণী | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, গত ০১.০৩.২০২৩ তারিখ হতে ৩০.০৩.২০২৩ তারিখ পর্যন্ত ব্যাংক বিবরণী মোতাবেক আয় ৩৩,৭০,৬৬০.২০ টাকা এবং ব্যয় ২,৩৫,৮৭২.০০ টাকা। ব্যাংক স্থিতি ৩,১৯,৬৭,৩১৭.৯৮ টাকা। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার নেত্রকোণা সদর, নেত্রকোণা | |
| | বিবিধ | (ক) উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসের আপ্যায়ন বিল, ৪ টি পত্রিকার বিল ও ইন্টারনেট বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) উপজেলা পরিষদের আওতাধীন সরকারি দপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) স্থানীয় সরকার প্রতিষ্টানের সক্ষমতা বৃদ্ধির জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের প্রশিক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) উপজেলা পরিষদের প্রদর্শনী পুকুর ও প্রমোট হোস্টেলের পিছনের পুকুর ০১ (এক) বছর মেয়াদে লীজ দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঙ) বড়ওয়ারী নৌকাঘাট ১৪৩০ বাংলা সনে ইজারা প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে চেয়ারম্যান, মেদনী ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বড়ওয়ারী ব্রীজ হওয়ার উক্ত ঘাট দিয়ে আগের মত আর নৌকা চালাচল করে না। তিনি ৪র্থ বারের টেন্ডারে দাখিলকৃত দরে বড়ওয়ারী নৌকা ঘাট ইজারা প্রদানের জন্য সভায় অনুরোধ করেন। এছাড়া চেয়ারম্যান সিংহের বাংলা, আমতলা, কাইলাটি, দঃ বিশিউড়া, চল্লিশা, রৌহা, কে-গাতী ও মদনপুর ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা ও সভায় উপস্থিত কর্মকতাবৃন্দ ৪র্থ বারের টেন্ডারে দাখিলকৃত দরে বড়ওয়ারী নৌকাঘাট ইজারা প্রদানের জন্য অনুরোধ করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ঠাকুরাকোণাসহ অন্যান্য নদীতে ব্রীজ হওয়ায় এবং দ্রুত নদীর পানি কমে যাওয়ায় নদীতে নৌকা চলাচল চার মাস পর বন্ধ হয়ে যায়। সার্বিক বিবেচনায় বড়ওয়ারী নৌকাঘাট ৪র্থ বারের টেন্ডারে দাখিলকৃত ১০,২৮,৫০০/-টাকায় ইজারা প্রদানের সর্বম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ) উপজেলা পরিষদের ২০২২-২৩ অর্থ বছরে পৌরকর ও বিদ্যুৎ বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ) উপজেলা প্রকৌশলী, নেত্রকোণা সদর, নেত্রকোণা জানান যে, উপজেলা পরিষদের পিছনে ঝড়ে পড়া ০৬ টি মেহগনি গাছ ও সমাজ সেবা অফিসের পাশে পুকুরে হেলে পড়া ০১ টি মেহগনি গাছ দ্রুত কর্তন করার প্রয়োজন। তিনি উক্ত বিস্তারিত আলোচনায় বিধি মোতাবেক বন বিভাগ কর্তৃক গাছের পরিমাপ ও মূল্য নির্ধারণপূর্বক গাছ নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সরকারি নির্দেশনা মোতাবেক উল্লেখিত ব্যয় সমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে মিটানোর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বড়ওয়ারী নৌকাঘাট ১৪৩০ বাংলা সনে ১০,২৮,৫০০/-টাকায় ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণের দক্ষতা ও আন্তরিকতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আতাউর রহমান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
তারিখ : ২৮ এপ্রিল ২০২৩

স্মারক নম্বর-০৫.৪৫.৭২৭৪.০১৪.০০০.০০১.১৯- ৬১৭

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১.মাননীয় প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২.সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩.বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৫. উপ-পরিচালক, স্থানীয় সরকার, নেত্রকোণা।
৬. চেয়ারম্যান................................ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৭. উপজেলা............................অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা

(মাহমুদা আক্তার)
উপজেলা নির্বাহী অফিসার
নেত্রকোণা সদর, নেত্রকোণা

CamScanner